# নিয়োগ বিজ্ঞপ্তি

১৭/০৭/২০২৫ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরো'র সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত **Rural Microenterprise Transformation Project (RMTP)** প্রকল্পে **Ecological Farming** কার্যক্রমের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা পুরুষ প্রার্থীদের নিকট থেকে নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম, বয়স | শিক্ষাগত যোগ্যতা ও বেতন |
|---|---|
| **১. ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর** গ্রেড- (IV) বয়স ঃ সর্বোচ্চ ৪৫ বছর। পদ সংখ্যা- ০১টি (পুরুষ)। | **শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ** ১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছরের কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রী। মাসিক সাকূল্যে বেতন ৫০,০০০/- টাকা। ইন্টারনেট ও মোবাইল ভাতা ২,০০০/- টাকা এবং যাতায়াত ভাতা ৪,০০০/- টাকা। NGO তে Valu Chain সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার এবং সে ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। অবশ্যই ভালো Facilitation Skill থাকতে হবে। |
| **২. সহঃ ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর** গ্রেড- (VII) বয়স ঃ সর্বোচ্চ ৩৫ বছর। পদ সংখ্যা- ০২টি (পুরুষ)। | **শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ** ১। প্রার্থীকে সরকার কর্তৃক যে কোন সরকারী প্রতিষ্ঠান থেকে কৃষি বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। মাসিক সাকূল্যে বেতন ৩০,০০০/- টাকা। ইন্টারনেট ও মোবাইল ভাতা ১,০০০/- টাকা এবং যাতায়াত ভাতা ৩,০০০/- টাকা। NGO তে Valu Chain সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার এবং সে ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। অবশ্যই ভালো Facilitation Skill থাকতে হবে। |

**চাকুরির দায়িত্বসমূহঃ**

১. উচ্চ মূল্যের ফল-ফসলের ফার্মিং প্রসারে কৃষকদের সংগঠিতকরণ।
২. জৈব সার, কীট নাশক ও জৈব কৃষি সম্প্রসারণ সেবার ক্ষেত্রে সহায়তা প্রদান।
৩. উচ্চ মূল্যের ফল-ফসলের চারার মাধ্যমে বাগান সৃজন।
৪. কমপ্লায়েন্সকৃত ফল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
৫.উৎপাদনকারী কৃষকদের মধ্যে কৃষি প্রযুক্তি ও বিভিন্ন ধরনের ব্যবসা সম্প্রসারণের বিষয়ে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা।
৬. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন রিপোর্ট তৈরীতে সহায়তা করা।
৭. পিকেএসএফ এবং প্রকল্পের গাইড লাইন অনুসারে অন্যান্য কাজ সম্পন্ন করা।

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং **আগামী ২৭/০৭/২০২৫ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা পরীক্ষার সময় নগদে জমা দিতে হবে।**
২। যোগদানের সময় সংস্থার অনুকূলে তাদের এক মাসের বেতনের সমপরিমাণ টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদ প্রদান করা হবে।
৩। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
৪। প্রার্থীদের মোটর সাইকেল চালানো জানতে হবে এবং তাদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
৫। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে - MS Office (Typing in Bangla and English), Internet, E-mail.
৬। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
৭।আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
৮।যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। সংস্থা যেকোন সময় নিয়োগ পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- **প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গৃর্দ্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।**